গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা
ওয়েব সাইট: www.blcollege.edu.bd

দূরালাপনী ঃ অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং ঃ ০৪১-২৮৫০৩৭০

২০১৭ সালের ৩য় বর্ষ অনার্স (২০১৪-২০১৫ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ) নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

বিঃ দ্রঃ ইনকোর্স পরীক্ষা ছাড়া কোন পরীক্ষার্থী পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে না।

৩য় বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nu.edu.bd/ www.nubd.info/honours** এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং বিশবিদ্যালয়ের ফি উল্লেখ্য থাকবে।

আবেদন ফরম জমার পূর্বের দিন স্ব স্ব বিভাগ হতে স্বাক্ষর করে নিতে হবে।

আবেদন ফরম জমার তারিখ ঃ

অনার্স বিষয়	জমাদানের তারিখ	অনার্স বিষয়	জমাদানের তারিখ
বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, পদার্থ, রসায়ন	২৬.১২.২০১৭ অকৃতকার্য ও মানোন্নয়ন	অর্থনীতি, ইতিহাস, ইসঃ ইতিহাস, উদ্ভিদ, প্রাণি	২৭.১২.২০১৭ অকৃতকার্য ও মানোন্নয়ন
দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স	২৮.১২.২০১৭ অকৃতকার্য ও মানোন্নয়ন	সমাজকর্ম, সমাজবিজ্ঞান, ভূগোল, পরিসংখ্যান, মনোবিজ্ঞান, গণিত	৩১.১২.২০১৭ অকৃতকার্য ও মানোন্নয়ন
বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, পদার্থ, রসায়ন	০১.০১.২০১৮ নিয়মিত ও অনিয়মিত	অর্থনীতি, ইতিহাস, ইসঃ ইতিহাস, উদ্ভিদ, প্রাণি	০২.০১.২০১৮ নিয়মিত ও অনিয়মিত
দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স	০৩.০১.২০১৮ নিয়মিত ও অনিয়মিত	সমাজকর্ম, সমাজবিজ্ঞান, ভূগোল, পরিসংখ্যান, মনোবিজ্ঞান, গণিত	০৪.০১.২০১৮ নিয়মিত ও অনিয়মিত

নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ফিসাদি ২০১৬ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষার পূরণ করেনি (কলেজের অংশ+আবেদন ফরমে উল্লিখিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ একত্রে জমা দিতে হবে)ঃ

বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স = ২৪০৫/- (কলেজের অংশ), পদার্থবিদ্যা, উদ্ভিদ, প্রাণি, গণিত, মনোবিজ্ঞান=২৫৬০/- (কলেজের অংশ), রসায়ন =২৭৬৫/- (কলেজের অংশ), ভূগোল=২৬৩৫/-(কলেজের অংশ), পরিসংখ্যান=২৮২৫/- টাকা। ২০১৬ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়েছে তাদেরকে বেতন ও সেশন চার্জ বাবদ ১,৩০৫/= টাকা প্রদান করতে হবে না। অকৃতকার্য পরীক্ষার্থীদের ব্যবহারিক কোড থাকলে ব্যবহারিক পরীক্ষার সময় স্ব স্ব বিভাগে ব্যবহারিক ফিস জমা দিতে হবে। অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের অনলাইন ফিস বাদে কেন্দ্র ফিস ও ব্যবস্থাপনা ফিস বাবদ (৪৫০+৫০) ৫০০/= টাকা জমা দিতে হবে।

বিঃ দ্রঃ শিক্ষা সফর ফি বাবদ ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ৫০/= টাকা হারে স্ব স্ব বিভাগ গ্রহণ করবেন।

নিয়মিত পরীক্ষার্থীদের যোগ্যতা ঃ

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০১৬ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে এবং ৩য় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েব সাইটে দেয়া আছে। কেবলমাত্র সে সকল শিক্ষার্থীরা ২০১৭ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের যোগ্যতা ঃ

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৬ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি সে সকল শিক্ষার্থীরা ২০১৭ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

মানোন্নয়ন পরীক্ষার্থীদের যোগ্যতা ঃ

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০১৬ সালের ৩য় বর্ষ অনার্স নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে তারা যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন ১টি পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এছাড়াও উক্ত পরীক্ষায় যারা C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৭ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে ১জন পরীক্ষার্থী সর্বোচ্চ ২টি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে তবে কোন পরীক্ষার্থী ১টি কোর্সে ১ বারের বেশি গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

পাঠ্যসুচি ঃ সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

তৃতীয় বর্ষ থেকে ৪র্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতাঃ

(ক) ৩য় বর্ষ থেকে ৪র্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে কমপক্ষে ৪টি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।

(খ) ১টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional Promoted হবে। এরূপ শিক্ষার্থীরা ২০১৭ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

(গ) একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা ১টি কোর্সে অনুপস্থিত থেকে অন্য ১টি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না তার ফলাফল Not Promoted হবে।

(ঘ) Promoted/Not Promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর অনুপস্থিত পত্র ও F গ্রেড পাওয়া কোর্সে/ কোর্সসমূহে পরীক্ষা দিবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ২টি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

(ঙ) সংশোধিত পরীক্ষার রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/ কোর্সসমূহে উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে শুরু থেকে ৭ শিক্ষাবর্ষের মধ্যে অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সেক্ষেত্রে গ্রেড উন্নয়নের সুযোগ থাকবে না। F গ্রেড প্রাপ্ত কোর্স/ কোর্সসমূহে পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।

(চ) ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীতকরণের কোন সুযোগ নেই।

(ছ) যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষের কোর্সসমূহে D বা এর বেশি গ্রেড না পাওয়া পর্যন্ত অনার্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু তার ফলাফল স্থগিত থাকবে।

পরীক্ষার আবেদন ফরম পূরণের নিয়মাবলী ঃ

(ক) আবেদন ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা বিভাগীয় প্রধান অবশ্যই যাচাই করে আবেদন ফরমে স্বাক্ষর করবেন।
(খ) আবেদন ফরম- এ বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর ১ সেট ফটোকপি এবং পাসপোর্ট সাইজের একটি ছবি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে। অকৃতকার্য পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন, প্রবেশপত্র ও ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।
(ঘ) ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগাতে হবে।

স্ব স্ব বিভাগ কলেজ অফিসে জমাকৃত পরীক্ষার আবেদন ফরম আগামী ০৬.০১.২০১৮ তারিখে গ্রহণ করে অনলাইনে ডাটা এন্ট্রি করে তা ০৯.০১.২০১৮ খ্রি. তারিখের কলেজ অফিসে পুনরায় জমা দেয়ার ব্যবস্থা করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল। অনলাইন বিবরণী অনুযায়ী আবেদন ফরম সাজিয়ে ১ সেট বিবরণী বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে কলেজ অফিসে জমা দিতে হবে। অনলাইনে পরীক্ষার আবেদন ফরম ডাটা এন্ট্রি করার সময় কোন প্রকার সমস্যায় পড়লে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৩য় বর্ষ অনার্স শাখায় যোগযোগ করতে অনুরোধ করা হল। **বিঃ দ্রঃ বেতন মওকুপের তালিকা আগামী ২৪.১২.২০১৭ খ্রি. তারিখের মধ্যে কলেজের ক্যাশ শাখায় জমা দিতে হবে (পূর্ণ বেতন মওকূপ ৫% এবং অর্ধ বেতন মওকূপ ১০%, ১২ মাস অথবা ৬মাস ছাড়া মওকূপ করা যাবে না)।**

ফরম পূরণের এই বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েব সাইট **www.blcollege.edu.bd** তে পাওয়া যাবে।

(প্রফেসর সৈয়দ সাদিক জাহিদুল ইসলাম)
অধ্যক্ষ
সরকারি বি এল কলেজ, খুলনা